গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন, ১,কাওরান বাজার
ঢাকা।

স্মারক নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৭৪.২৫/৩৩৪২

তারিখঃ ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** আগামী ০২-০৪ ফেব্রুয়ারি, ২০২৬ সময়ে ফ্রান্স এর Paris-Le Bourget Exhibition Centre এ অনুষ্ঠেয় Texworld Apparel Sourcing, Paris -2026 শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০২-০৪ ফেব্রুয়ারি, ২০২৬ সময়ে ফ্রান্স এর Paris-Le Bourget Exhibition Centre এ Texworld Apparel Sourcing, Paris-2026 শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। Apparel ও Denim পণ্যের জন্য আলোচ্য মেলাটি একটি আদর্শ প্ল্যাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মেলার নাম | : | Texworld Apparel Sourcing Paris -2026 |
| মেলার সময়কাল | : | 02-04 Feburary, 2026 |
| মেলার ভেন্যু | : | Paris Le Bourget Exhibition Centre, Paris, France |
| বুথ টাইপ | : | Shell Scheme |
| প্রদর্শনী পণ্যঃ | : | Apparel, Denim |

**বুথ ভাড়া**

| ক্র.নং | সেক্টর | আয়তন | বুথ ভাড়া | কর্ণার বুথ ভাড়া |
|---|---|---|---|---|
| ১ | Apparel, Denim | ০৯ বর্গমিটার | Shell Scheme এর জন্য বাংলাদেশি মুদ্রায় ১১,৫৭,৬২৫ (এগারো লক্ষ সাতান্ন হাজার ছয়শত পঁচিশ) টাকা মাত্র। | মূল বুথ ভাড়ার অতিরিক্ত ১০% বাংলাদেশি মুদ্রায় ১,১৫,৭৬৩ (এক লক্ষ পনেরো হাজার সাতশত তেষট্টি) টাকা মাত্র। |

০২। মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে বুথ মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত মেট্রিক্স-এ উল্লেখিত হারে ভর্তুকি প্রদান করা হবেঃ

**(I) তৈরী পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | "ক" | ৩০% |
| ০২ | ০৫-১০ | "খ" | ৪০% |
| ০৩ | ০৫-নতুন রপ্তানিকারক | "গ" | ৫০% |

**(II) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০৩ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | "খ" | ৫০% |

**(III) বিশেষ খাতঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

(IV) বায়িং হাউজ প্রতিষ্ঠানসমূহকে (BGBA-এর সদস্যভুক্ত) প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানি আদেশ প্রাপ্তি ও রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (রপ্তানিকারক প্রতিষ্ঠান) থেকে প্রমাণকসহ প্রত্যয়ন দাখিল সাপেক্ষে বুথ মূল্যের উপর সর্বোচ্চ ৪০% ভর্তুকি প্রদান করা হবে।

০৩। স্মর্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে

০৪। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি রপ্তানি উন্নয়ন ব্যুরো-এর অনুকূলে পে-অর্ডারসহ যাবতীয় সকল ডকুমেন্টস আগামী ১২-১১-২০২৫ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে (অংশগ্রহণকারী প্রতিনিধির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ইআরসি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্যপদের সত্যায়িত সনদপত্রসহ) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।

০৫। উল্লেখ্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে/ভিসা প্রাপ্ত না হলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠান মনোনীত না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

২৭/১০/২০২৫

(মাহমুদুল হাসান)
পরিচালক (যুগ্ম সচিব)
মেলা ও প্রদর্শনী বিভাগ

CamScanner

**বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd

২. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com

৩. সভাপতি,বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: btma2@yahoo.com

৪. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিনেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথইষ্ট কর্নার),ঢাকা-১০০০। E-mail: bttla@aitlbd.net

৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ বায়িং হাউজ এসোসিয়েশন, হাউজ নং-০৬, রোড-১০, সেক্টর-১৪/সি-১, উত্তরা, ঢাকা। ফোনঃ 01329630512, E-mail:info@bgbabd.org

৬. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। পি এ টু, পরিচালক (মেলা), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (পরিচালক (মেলা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

CamScanner